গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

নভেম্বর, ২০১৭ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

চেয়ারপার্সন	:	ড. নমিতা হালদার এনডিসি ভারপ্রাপ্ত সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময়	:	১০.১২.২০১৭ বেলা ১০.৩০ ঘটিকা।
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভা কক্ষ।
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

চেয়ারপার্সন উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ২২.১১.২০১৭ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হলে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যপত্র অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচনা ও সিদ্ধান্ত:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
১.১ইনোভেশন কমিটির কার্যক্রম	ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অভিযোগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।	ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অভিযোগ নিষ্পত্তি করা হচ্ছে । মন্ত্রিপরিষদ বিভাগে এ সংক্রান্ত প্রতিবেদন নিয়মিত প্রেরণ করা হয়। জুলাই থেকে নভেম্বর, ২০১৭ পর্যন্ত অভিযোগ নিষ্পত্তির হার ৭৪%।	ক) অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	ক) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (প্রকবৈকম), কর্মসংস্থান অধিশাখা ও দপ্তর/সংস্থা (সকল)
	খ) বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭-১৮ অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	খ) বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭-১৮ অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।	খ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার ইনোভেশন কমিটির তদারকি জোরদার রাখতে হবে।	খ) ইনোভেশন টীম, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা (সকল)
	গ) অনলাইনে ভিসা চেকিং অ্যাপসের বিষয়ে প্রচার বাড়াতে হবে।	গ) মোবাইল ফোনের মাধ্যমে অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটির প্রচার প্রচারণা তৃণমূল পর্যায়ে পৌঁছে দেয়ার জন্য অধীনস্থ ডিইএমও ও টিটিসিসমূহের মাধ্যমে এর জোর প্রচার চালানো হচ্ছে । ডিইএমও হতে এর ব্যবহার বিধি প্রদর্শন করা হচ্ছে। সদর দপ্তর ও তার আওতাধীন দপ্তর কর্তৃক প্রচারিত লিফলেট, ব্রসিয়ার, বুকলেট ইত্যাদিতেও এ বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। বিএমইটি'র ফেইসবুক-এ ও অনলাইন ভিসা যাচাই এ্যাপসটির ব্যবহার বিধি এবং গুগল প্লে স্টোরে এর অবস্থান	গ) অনলাইনে ভিসা চেকিং অ্যাপসের বিষয়ে প্রচার বাড়াতে হবে।	গ) মহাপরিচালক বিএমইটি

লোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
		সম্পর্কে ফিচার প্রচার করা হচ্ছে।		
২.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	১। মন্ত্রণালয়ের যেসকল শাখায় বর্তমানে ইন্টারনেট সংযোগ নেই এবং যেসকল ক্যাবল পরিবর্তনযোগ্য সেগুলো চিহ্নিত করে দ্রুত সমস্যার সমাধান করতে হবে।	১। কল্যাণ বোর্ড ও মন্ত্রণালয়ের আইসিটি শাখার মাধ্যমে ইন্টারনেট সংযোগ সমস্যা চিহ্নিতকরত: তা দূর করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তবে জিটুজি প্লাস প্রক্রিয়ায় মালয়েশিয়ায় কর্মী প্রেরণের লক্ষ্যে কর্মসংস্থান-১ শাখায় ইন্টারনেট সরবরাহ বৃদ্ধি করতে হবে।	১। জরুরী ভিত্তিতে কর্মসংস্থান অনুবিভাগে ইন্টারনেটের সংযোগ নিশ্চিতকরণ ও গতি বৃদ্ধি করতে হবে।	১। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও সহকারী প্রোগ্রামার, মন্ত্রণালয়
	২। ই-নথির মাধ্যমে নোট উপস্থাপনপূর্বক নোট নিষ্পত্তি ও পত্র জারির সংখ্যা বৃদ্ধি করতে একটি লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিতে হবে।	২। ই-ফাইলিংয়ে এ মন্ত্রণালয়ের অগ্রগতির ধারা অব্যাহত রাখার লক্ষ্যে সকল শাখার জন্য নোট নিষ্পত্তি ও পত্রজারির একটি লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয়েছে। ডিসেম্বর, ২০১৭ মাসের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের তথ্যাদি পরবর্তী সভায় উপস্থাপন করা হবে। উল্লেখ্য, গত ১ থেকে ৭ ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত এ টু আই এর সাপ্তাহিক প্রতিবেদনে এ মন্ত্রণালয়ের অবস্থান ছিল ১৫ তম।	২। নিয়মিত ই-নথি কার্যক্রম পরিচালনা করতে হবে।	২। আইসিটি শাখা ও সকল উইং/সকল অধিশাখা/সকল শাখা
	৩। মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়াদি আপলোডের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসরণ করতে হবে।	৩। সম্প্রতি IM Japan এর সাথে এ মন্ত্রণালয়ের স্বাক্ষরিত MoU ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।	৩। বিষয়টি বাস্তবায়িত বিধায় আলোচ্যসূচি হতে বাদ দেয়া হল।	৩। যুগ্মসচিব (কর্মসংস্থান অধিশাখা/প্রশিক্ষণ অধিশাখা) ও সহকারী প্রোগ্রামার
	৪। বিএমইটির বহির্গমন শাখায় প্রাপ্ত সেবা গ্রহীতাদের অভিযোগ/মতামত যাচাইঅন্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	৪। বিএমইটি: বিএমইটির বহির্গমন শাখায় প্রাথমিকভাবে সেবাগ্রহীতাদের মতামত গ্রহণের জন্য ফরম প্রস্তুত করা হয়েছে। উক্ত শাখায় সেবা গ্রহীতাদের মতামত প্রদানের জন্য বক্স স্থাপন করা হয়েছে। উল্লেখ্য যে, বিএমইটির মূল ভবনের প্রবেশ মুখে ও সেবা গ্রহিতাদের কাঙ্খিত সেবা প্রাপ্তির বিষয়ে মতামত গ্রহণের জন্য অনুরূপ বক্স ইতোমধ্যেই স্থাপন করা হয়েছে। প্রাপ্ত অভিযোগ/মতামতগুলো পর্যালোচনা করে তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	৪। সেবা গ্রহীতাদের কাছ থেকে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি নিশ্চিত করতে হবে।	৪। মহাপরিচালক বিএমইটি
	৫। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের জন্য সংশ্লিষ্ট	৫। ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশলের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে পরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব ক্ষেত্রে কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য দায়িত্ব প্রদান করা	৫। APA ও NIS সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	৫। সকল কর্মকর্তা মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা

লোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
	সকলকে তৎপর থাকতে হবে।	হয়েছে।		
২.২ ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা	১। ডিসেম্বর, ২০১৭ এর মধ্যে বীমা সংক্রান্ত নীতিমালা চূড়ান্ত করতে হবে।	১। বিদেশগামী কর্মীদের শতভাগ বীমার আওতায় আনয়নের লক্ষ্যে একটি খসড়া নীতিমালা প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া পর্যালোচনা করার লক্ষ্যে মাল্টি স্টেকহোল্ডারদের সাথে সভা করা হবে। ৩১ ডিসেম্বর, ২০১৭ এর মধ্যে নীতিমালাটি চূড়ান্ত করা সম্ভব হবে মর্মে আশা করা যায়।	১। বীমা সংক্রান্ত নীতিমালা বাস্তবায়নে তৎপর থাকতে হবে।	১। উপসচিব (কল্যাণ অধিশাখা) ও মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
	২। অভিবাসনে পিছিয়ে থাকা জেলাগুলোর লোকজনকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের সচিব সহ উক্ত এলাকাসমূহের জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে এতিম/দুস্থদের প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধনের উদ্যোগ নিতে হবে।	২। বিএমইটি: অভিবাসনে পিছিয়ে থাকা জেলাগুলোর লোকজনকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের সচিবসহ উক্ত এলাকাসমূহের জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে এতিম/দুস্থদের প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধনের উদ্যোগ নেয়া হয়েছে।	২। অভিবাসনে পিছিয়ে থাকা জেলাগুলোতে দক্ষতা উন্নয়ন কার্যক্রম বৃদ্ধি করতে হবে।	২। মহাপরিচালক, বিএমইটি
	৩। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	৩। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন সম্পন্নের জন্য প্রকল্প পরিচালকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রকল্পের অগ্রগতির বিষয়ে বিএমইটি'র মাসিক সমন্বয় সভায় প্রকল্পের অগ্রগতি পর্যালোচনার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।	৩। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	৩। যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা) এবং মহাপরিচালক, (বিএমইটি)
৩. মাননীয় ধানমন্ত্রীর র্দেশনা স্তবায়ন নিটরিং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক সৌদি আরবে স্কুল স্থাপনের বিষয়ে কার্যক্রম জোরদার করতে হবে।	<u>ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড:</u> সৌদি আরবে স্কুল স্থাপনের বিষয়ে প্রকল্প গ্রহণের জন্য বিএমইটি'কে দায়িত্ব প্রদান করা হয়েছে। এ বিষয়ে বোর্ড হতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে। <u>পরিকল্পনা শাখা-২:</u> এ বিষয়ে পিইসি সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনার জন্য একটি সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প প্রণয়ন করা হয়েছে এবং গত ১৪/০৫/২০১৭ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ডিপিইসি সভার সুপারিশ অনুযায়ী সমীক্ষা প্রকল্পটি পুনর্গঠন করা হয়েছে। গত ১৮/১০/২০১৭ তারিখ মন্ত্রণালয়ে পুনরায় ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়েছে।	১। সৌদি আরবে স্কুল স্থাপনের বিষয়ে সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা) এবং কল্যাণ বোর্ড

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.৪ অডিট আপত্তি সংক্রান্ত	১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, বিগত ২৭/১১/২০১৭ তারিখে কল্যাণ বোর্ডের ত্রিপক্ষীয় সভায় ২২ টি অডিট আপত্তির মধ্যে ১২ টি নিষ্পত্তির সুপারিশ করা হয় এবং অন্যান্য আপত্তিগুলোর তথ্যউপাত্তসহ জবাব প্রস্তুতপূর্বক উপস্থাপনের কাজ চলমান আছে। জাতীয় শুদ্ধাচার কৌশলের ৭.৩ অনুচ্ছেদ এর নির্দেশনা অনুসারে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ম্যানুয়াল ২০০৫ অনুসারে অত্র মন্ত্রণালয়ের অডিট কমিটির সভা গত ০৭/১২/২০১৭ তারিখে যুগ্মসচিব (বাজেট) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে। এছাড়া অত্র মন্ত্রণালয়ের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে একটি দ্বিপক্ষীয় সভা গত ১১/১২/২০১৭ তারিখ অনুষ্ঠিত হয়েছে। <u>বিএমইটি:</u> • অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করার নিমিত্ত পদক্ষেপ হিসেবে গত ১৫/১১/২০১৭খ্রিঃ তারিখে একটি দ্বিতীয় দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নিধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে এতদ্‌সংশ্লিষ্ট কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে এবং বর্তমানে অডিট আপত্তি নিষ্পত্তির হার ৫৫%। কল্যাণ বোর্ড: ১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৬৬ টি অডিট আপত্তির মধ্যে ৪৪ টি নিস্পত্তি হয়েছে অর্থাৎ নিস্পত্তির হার ৬৬.৬৬%। অবশিষ্ট ২২ টি আপত্তির বিষয়ে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। অডিট আপত্তির ছক-১ দেখা যেতে পারে।	১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	যুগ্মসচিব (বাজেট অধিশাখা) ও দপ্তর/সংস্থা (সকল)
২.৫ অনিষ্পন্ন বিষয়	মন্ত্রণালয় হতে চাহিত প্রতিবেদন দপ্তর/সংস্থা হতে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।	দপ্তর/সংস্থা: মন্ত্রণালয় হতে চাহিত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে দপ্তর/সংস্থা হতে প্রেরণ করা হয়। সিদ্ধান্তটি বাস্তবায়িত বিধায় আলোচনা থেকে বাদ দেয়া যেতে পারে।	১। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মধ্যে বিদ্যমান অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির লক্ষ্যে পারস্পরিক যোগাযোগ আরও বৃদ্ধি করতে হবে।	দপ্তর/সংস্থা (সকল)

দপ্তর/সংস্থা :

৩.০. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৩.১ মামলা সংক্রান্ত	গামকার সাথে বিএমইটির সভার সর্বশেষ অবস্থা পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	জেলা পর্যায়ে বিদেশগামী কর্মীদের মেডিকেল চেকআপ সেবা সম্প্রসারণের বিষয়ে 'গামকা' এর প্রতিনিধি দলের সাথে গত ২৩/১০/২০১৭ তারিখে বিএমইটির একটি সভায় প্রাথমিক আলোচনা হয়। এখনও কোন সিদ্ধান্ত হয়নি মর্মে বিএমইটি হতে জানানো হয়।	গামকার সাথে বিএমইটির সভার সর্বশেষ অবস্থা পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	মহাপরিচালক, বিএমইটি

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৪.১ বিদেশে মৃত কর্মীর সংখ্যা, বিদেশ থেকে মৃতদেহ আনার সংখ্যা, ক্ষতিপূরণ দেওয়ার পরিমাণ ইত্যাদি সম্পর্কে আপডেট তথ্য প্রদান	প্রবাসবন্ধু কলসেন্টারের মত কল্যাণ বোর্ডের আওতায় কলসেন্টার স্থাপনের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করতে হবে।	বিদেশগামী ও প্রবাসী কর্মীদের সমস্যা সমাধানে সহযোগিতার লক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের তত্ত্বাবধানে গত ১৭ ডিসেম্বর ২০১৭ তারিখে হট লাইন (+৮৮ ০১৭৮৪ ৩৩৩ ৩৩৩, +৮৮ ০১৭৯৪ ৩৩৩ ৩৩৩ ও +৮৮ ০২-৯৩৩৪৮৮৮) চালু করা হয়েছে।	হট লাইনে প্রাপ্ত অভিযোগ/ সমস্যা সমাধানে তৎপর থাকতে হবে।	মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

বোয়েসেল :

াচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
	২	৩	৪	৫
সেলের ম	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কার্যক্রম আরও জোরদার করতে হবে।	গত নভেম্বর মাসে বোয়েসেল এর কার্যক্রম সংক্রান্ত:	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কার্যক্রম আরও জোরদার করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল

মাস	দেশ	পেশা জীবী (জন)	দক্ষ (জন)	স্বল্পদক্ষ (জন)	মোট (জন)
অক্টোবর	জর্ডান	-	১১৯৮	-	১১৯৮
	দক্ষিণ কোরিয়া	-	-	১৬৩	১৬৩
	মোট	-	১১৯৮	১৬৩	১৩৬১

এছাড়া নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধান ও শূন্যপদ

		পূরণের লক্ষ্যে এ সংস্থার কার্যক্রম চলমান রয়েছে।		

প্রবাসী কল্যাণ ব্যাংক:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৬.১. প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম	প্রবাসী কল্যাণ ব্যাংককে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে গৃহীত কার্যক্রমের অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	প্রবাসী কল্যাণ ব্যাংককে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে আছে। বিগত ১৪.০৩.২০১৭ তারিখে মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয়ের সভায় প্রবাসী কল্যাণ ব্যাংককে তফসিলি ব্যাংকে রূপান্তর এবং পরিশোধিত মূলধন বাবদ ২৫০ (দুইশত পঞ্চাশ) কোটি টাকা অর্থ বিভাগ কর্তৃক এবং ৫০ (পঞ্চাশ) কোটি টাকা ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড কর্তৃক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সেই মোতাবেক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড থেকে গত ১৬.০৪.২০১৭ তারিখে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা প্রদান করা হয়েছে। অবশিষ্ট ২৫০ কোটি টাকার মধ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের হিস্যা বৃদ্ধির বিষয়ে ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগের সভাপতিত্বে গত ০৮.১১.২০১৭ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক অতিরিক্ত পরিশোধিত মূলধন ৩০০ (তিনশত) কোটি টাকার ৫% হিসেবে ১৫ (পনের) কোটি টাকা অর্থ মন্ত্রণালয় থেকে ছাড় করা হয়েছে।আগামী ১৪ জানুয়ারি,২০১৮ তারিখে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় অবশিষ্ট অর্থ পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।	প্রবাসী কল্যাণ ব্যাংককে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে গৃহীত কার্যক্রমের অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক

৭. বিবিধ :

৭.১। ই-ফাইলিং, APA, শুদ্ধাচার, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬, ৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনাসহ আন্তর্জাতিক ও আঞ্চলিক সংগঠনে এ মন্ত্রণালয়ের কার্যক্রম একটি ছক আকারে উপস্থাপন করা হলো:

আলোচ্য বিষয়	বিগত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ **ফোকাল পয়েন্ট:** অতিরিক্ত সচিব (গবেষণা, আইন ও নীতিমালা)	শ্রমবাজার গবেষণা হতে প্রাপ্ত সুপারিশসমূহ বাস্তবায়নে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও দপ্তর/ সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা নিবে।	<u>শ্রম বাজার গবেষণা সেল:</u> ১। স্টিয়ারিং কমিটি গঠন করা হয়েছে। ২। পলিসি বুকলেট আকারে ছাপানোর জন্য প্রশাসন অনুবিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। ৩। প্রশাসন অনুবিভাগ হতে পলিসি বুকলেট আকারে ছাপানোর পর সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগসমূহে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ এর হার্ড কপি প্রেরণ করা হবে।	বিএমইটিকে এ নীতি এবং খসড়া কর্মপরিকল্পনার বিষয়ে মতামত প্রাপ্তির জন্য দ্রুত একটি অংশীজন সেমিনার আয়োজনের উদ্যোগ নিতে হবে।
IPoA ও SDG **ফোকাল পয়েন্ট:** যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা)	IPoA ও SDG সংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	IPoA এর ৮টি থিমেটিক এরিয়ার মধ্যে Social Development ও Remittance এর ক্ষেত্রে এ মন্ত্রণালয়ের সম্পৃক্ততা রয়েছে। ইতোমধ্যে এ বিষয়ের উপর মন্ত্রণালয়ের input প্রেরণ করা হয়েছে। তাছাড়া SDG তে এ মন্ত্রণালয়ের অগ্রগতি বিষয়ে সম্প্রতি মন্ত্রণালয়ের আলাপন নামক ফোরামের উদ্যোগে আয়োজিত সভায় একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করা হয়েছে। IPoA বিষয়ের উপর একইভাবে একটি প্রেজেন্টেশন করা হবে।	IPoA ও SDG সংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।
আরটিআই সংক্রান্ত তথ্য প্রদান জনাব রাবেয়া বসরী, সিনিয়র সহকারী সচিব (মনিটরিং শাখা)	তথ্য কমিশনের অনলাইন প্রশিক্ষণ ব্যবস্থা সম্পর্কে সভাকে অবহিত করতে হবে।	তথ্য কমিশন কর্তৃক অনলাইন প্রশিক্ষণ ব্যবস্থা চালু করা হয়েছে। তথ্য অধিকার সংক্রান্ত বিষয়াদি নিষ্পত্তির ক্ষেত্রে অধিকতর সচেতন থাকতে হবে।	তথ্য অধিকার সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।
নারী ও শিশু উন্নয়ন বাস্তবায়ন ও মূল্যায়ন কমিটি **ফোকাল পয়েন্ট:** উপসচিব (কল্যাণ)	ক) নারীর উন্নয়ন সংক্রান্ত এবং Sexual Harassment প্রতিরোধে গঠিত কমিটির কার্যক্রম সভাকে অবহিত করতে হবে। খ) ডে কেয়ার সেন্টার স্থাপনের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	ক) নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে মন্ত্রণালয়ের উদ্যোগে প্রবাসী কল্যাণ ভবনে গত ৬/১২/২০১৭ ডিসেম্বর অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। খ) মন্ত্রণালয়সহ প্রবাসী কল্যাণ ভবনে অবস্থিত সকল দপ্তরের কর্মজীবী বাবা-মার সন্তানদের দেখাশোনার জন্য একটি ডে-কেয়ার সেন্টার স্থাপন করা হয়েছে। গত ১৭/১২/১৭ তারিখে ডে-কেয়ার সেন্টারটি উদ্বোধন করা হয়।	ক) সংশ্লিষ্ট কমিটির কার্যক্রম প্রতি সভায় অবহিত করতে হবে।

কলম্বো প্রসেস ফোকাল পয়েন্ট: উপসচিব (মিশন-২)	কলম্বো প্রসেস বিষয়ে গৃহীত সর্বশেষ কার্যক্রম সমন্বয় সভায় অবহিত করতে হবে।	কলম্বো প্রসেস সংক্রান্ত কার্যক্রম চলমান আছে।	কলম্বো প্রসেস বিষয়ে গৃহীত সর্বশেষ কার্যক্রম সমন্বয় সভায় অবহিত করতে হবে।
আবুধাবী ডায়ালগ ফোকাল পয়েন্ট: উপপ্রধান (পরিকল্পনা)	আবুধাবী ডায়ালগের গুরুত্ব বিবেচনায় এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।	আবুধাবী ডায়ালগ মূলত কলম্বো প্রসেসের ১২টি সদস্য দেশ ও কর্মী গ্রহণকারী ০৭টি দেশের সমন্বয়ে গঠিত একটি সংস্থা। এ বিষয়ে কার্যক্রম চলমান আছে।	আবুধাবী ডায়ালগের গুরুত্ব বিবেচনায় এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।
দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা সম্প্রসারণ বিষয়ক ফোকাল পয়েন্ট: যুগ্মসচিব (প্রশিক্ষণ)	দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা সম্প্রসারণ বিষয়ক কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সম্পৃক্ততা থাকলে তা দ্রুত সম্পাদন করতে হবে।	এটি মূলত উন্নয়নশীল দেশের সাথে উন্নত দেশসমূহের একটি আয়োজন। ERD এ বিষয়টি সমন্বয় করে থাকে।	দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা সম্প্রসারণ বিষয়ক কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সম্পৃক্ততা থাকলে তা দ্রুত সম্পাদন করতে হবে।
NSSS ফোকাল পয়েন্ট: উপসচিব (কল্যাণ)	NSSS সংক্রান্ত বিষয়ে সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	মন্ত্রিপরিষদ বিভাগের কেন্দ্রীয় কমিটি শীঘ্রই এ বিষয়ে সভা আহ্বান করবে। এ মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত নিরাপত্তা কর্মসূচী মূলক প্রকল্প কেন্দ্রীয় কমিটিতে গৃহীত হয়েছে ।	NSSS সংক্রান্ত বিষয়ে সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।
Budapest Process ফোকাল পয়েন্ট: উপসচিব (দক্ষতা উন্নয়ন তহবিল)	বুদাপেস্ট প্রসেসের কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।	২০১৮ সালে অনুষ্ঠিতব্য Global Compact বাস্তবায়নে বুদাপেস্ট প্রসেসসহ সকল আন্তর্জাতিক ও আঞ্চলিক ফোরামসমূহ কাজ করছে। বুদাপেস্ট প্রসেসে বাংলাদেশ অবজারভার দেশ হিসেবে অংশগ্রহণ করে থাকে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান আছে।	বুদাপেস্ট প্রসেসের কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।
GFMD ফোকাল পয়েন্ট: উপসচিব (মিশন-২)	জিএফএমডির কার্যক্রমে কার্যকর ভূমিকা রাখতে হবে।	প্রতি বছর জিএফএমডি সম্মেলন অনুষ্ঠিত হয়। ২০১৬ সালে ঢাকায় অনুষ্ঠিত নবম সম্মেলনে বাংলাদেশ হোস্ট কান্ট্রি হিসেবে গুরুদায়িত্ব পালন করেছে। মরক্কো ও জার্মানিকে আগামী ২বছর এ সম্মেলন আয়োজনের দায়িত্ব প্রদান করা হয়েছে।	জিএফএমডির কার্যক্রমে কার্যকর ভূমিকা রাখতে হবে।

Global Compact	Global Compact সহ সকল গুরুত্বপূর্ণ প্রসেসের কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন করার লক্ষ্যে মন্ত্রণালয়ের একাধিক কর্মকর্তার সমন্বয়ে ফোরামভিত্তিক টীম গঠন করতে হবে।	Global Compact সহ অভিবাসন সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ছোট ছোট গ্রুপ গঠনের বিষয়ে সভায় আলোচনা হয়। ইতোমধ্যে পলিসি বিষয়ে ৩টি আন্ত:মন্ত্রণালয় গ্রুপ গঠন করা হয়েছে। Global Compact সহ অভিবাসন সংক্রান্ত সকল সংগঠনের কার্যক্রম সুচারুভাবে পরিচালনার লক্ষ্যে সচিব মহোদয়ের সাথে আলোচনাক্রমে এ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে পৃথক পৃথক গ্রুপ গঠন করা হবে।	Global Compact সহ সকল গুরুত্বপূর্ণ প্রসেসের কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন করার লক্ষ্যে মন্ত্রণালয়ের একাধিক কর্মকর্তার সমন্বয়ে ফোরামভিত্তিক টীম গঠন করতে হবে।

পরিশেষে চেয়ারপার্সন বলেন, মন্ত্রণালয়ের শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে সকল কর্মকর্তা/কর্মচারীকে আরও আন্তরিক ও সচেতন হতে হবে। কোনও কর্মকর্তা ছুটিতে অথবা সরকারি কাজে বাইরে থাকলে তাঁর বিকল্প কর্মকর্তার মাধ্যমে নথি উপস্থাপন করতে হবে। টিটিসি/আইএমটির প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শনের জন্য মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সম্পৃক্ত রাখতে হবে। সর্বোপরি, বাংলা এবং ইংরেজি শব্দের সঠিক উচ্চারণসহ বানান লেখার বিষয়ে সচেষ্ট থাকার জন্য চেয়ারপার্সন সকলকে আহ্বান জানান।

সভায় আর কোনও আলোচ্যসূচি না থাকায় চেয়ারপার্সন উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. নমিতা হালদার এনডিসি)
ভারপ্রাপ্ত সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়